গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
শিশু কল্যাণ ট্রাস্ট
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ভবন, মিরপুর-২, ঢাকা-১২১৬
www.skt.gov.bd

**স্মারক নম্বর:** ৩৮.০১.০০০০.০০০.০০০.১৭.০০০১.২৫.২৮১ — তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ০৩ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় হতে প্রেরণকৃত ০৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে গঠিত সেল এর সহায়ক হিসেবে টাস্কফোর্স-এর ২য় সভার কার্যবিবরণী প্রেরণ।**

সূত্র: প্রাগম এর স্মারক নম্বর ৩৮.০০.০০০০.০০২.৩১.০৩৮.১৮.১৫৭৭; তারিখ: ২৭/০৭/২০২৬

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের নির্দেশনা পরিপালন ও তৎপ্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।


০৩-০৮-২০২৬
সুরাইয়া খান
পরিচালক

প্রধান শিক্ষক
শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়.......... (সকল)।

**স্মারক নম্বর:** ৩৮.০১.০০০০.০০০.০০০.১৭.০০০১.২৫.২৮১/১ (৭) — তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ০৩ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। মহাপরিচালকের একান্ত সচিব, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। অতিরিক্ত সচিব (বিদ্যালয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। কম্পিউটার অপারেটর, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৭। সংরক্ষণ, কপি।



০৪-০৮-২০২৬
মোঃ মাহবুবুর রাব্বানী
সহকারী পরিচালক (শিক্ষা ও কারিগরি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mopme.gov.bd

নম্বর: ৩৮.০০.০০০০.০০২.৩১.০৩৮.১৮.১৫৭৭

তারিখঃ ১২ শ্রাবণ ১৪৩৩ / ২৭ জুলাই ২০২৬

**বিষয়: পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় হতে প্রেরিত ০৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে গঠিত সেল এর সহায়ক হিসেবে টাস্কফোর্স-এর ২য় সভার কার্যবিবরণী প্রেরণ।**

সূত্র: পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর ১৬ জুলাই ২০২৬ তারিখের সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও স্মারকে পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে ০৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে গঠিত সেল এর সহায়ক হিসেবে টাস্কফোর্স-এর ২য় সভা গত ১৬ জুলাই ২০২৬ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের ক্রমিক ১,২,ও ৯ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

২৭/৭/২৬

(মোঃ শামছুল আরিফ)
উপসচিব
ফোনঃ ০২২২৩৩৫১৮০১
ই-মেইল: dsad2@mopme.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৩. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
৪. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
৫. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা-১২১৬।

**অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বন-১ অধিশাখা

**বিষয়: সরকারের '০৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ' কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'সেল'-এর সহায়ক হিসেবে 'টাস্কফোর্স'-এর ২য় সভার কার্যবিবরণী।**

সভাপতি : শেখ ফরিদুল ইসলাম
মাননীয় প্রতিমন্ত্রী
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
তারিখ : ১৬ জুলাই ২০২৬ (বৃহস্পতিবার)
সময় : সকাল ১০:০০ ঘটিকা।
স্থান : পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা **পরিশিষ্ট 'ক'** তে সংযুক্ত করা হলো।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার প্রারম্ভে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) ও টাস্কফোর্সের সদস্য-সচিব বলেন, আগামী ৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ সরকারের অন্যতম নির্বাচনী প্রতিশ্রুতি। এই প্রতিশ্রুতি বাস্তবায়নে বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক ২০২৬ সালে বিভিন্ন প্রজাতির গাছের চারা রোপণের বিশদ পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

**২০২৬ সালে মোট বৃক্ষরোপণের পরিকল্পনা ও অগ্রগতি:**

| ক্র নং | **বৃক্ষ রোপণ পরিকল্পনা** | **চারার সংখ্যা** |
|---|---|---|
| ০১ | ২০২৬ সালে মোট বৃক্ষরোপণের পরিকল্পনা | ৫,১৪,৮৮,৯৩০ (পাঁচ কোটি চৌদ্দ লক্ষ আটাশি হাজার নয়শত ত্রিশ) টি |
| ০২ | মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক নিজস্বভাবে উৎপাদিত চারা রোপণ ও পরিচর্যা করা হবে এমন বৃক্ষের সংখ্যা | ৩,৮১,৬৬,৫৪০ (তিন কোটি একাশি লক্ষ ছেষট্টি হাজার পাঁচশত চল্লিশ)টি |
| ০৩ | নিজস্ব অর্থ ব্যবহারপূর্বক চারা সংগ্রহ/ক্রয় করে রোপণ ও পরিচর্যা করা হবে এমন বৃক্ষের সংখ্যা | ১,৩৩,২২,৩৯০ (এক কোটি তেত্তিশ লক্ষ বাইশ হাজার তিনশত নব্বই)টি। |
| ০৪ | ২০২৬ সালের ১৭ ফেব্রুয়ারী থেকে ৩০ জুন পর্যন্ত বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক মোট গাছের চারা রোপণ | ১,৬৮,৯৪,৭৭৫ (এক কোটি আটষট্টি লক্ষ চুরানব্বই হাজার সাতশত পঁচাত্তর)টি |
| ০৫ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে চলতি বছরে আরও চারা রোপণের প্রয়োজনীয়তা | ৩,৪৫,৯৪,১১৫ (তিন কোটি পঁয়তাল্লিশ লক্ষ চুরানব্বই হাজার একশত পনের)টি |

০২। সভায় বৃক্ষরোপণের সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ বৃক্ষরোপণ বিষয়ে স্ব স্ব মন্ত্রণালয়ের সর্বশেষ অগ্রগতির তথ্য ও রক্ষণাবেক্ষণ পরিকল্পনা উপস্থাপন করেন। সর্বশেষ অগ্রগতির তথ্য অনুযায়ী চারা রোপণের তথ্যাদি নিম্নরূপ:

**সরকারের দায়িত্ব গ্রহণের তারিখ (১৭ ফেব্রুয়ারি ২০২৬) থেকে ৩০ জুন ২০২৬ তারিখ পর্যন্ত বৃক্ষরোপণের তথ্য**

| ক্র নং | মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তরের নাম | ২০২৬ সালে বৃক্ষরোপণের পরিকল্পনা | ১৭.০২.২০২৬ থেকে ৩০.০৬.২০২৬ পর্যন্ত বৃক্ষরোপণের সংখ্যা | কলাম ২ ও ৩ এর পার্থক্য (২-৩) | অগ্রগতির হার |
|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | বন অধিদপ্তর | ৩,৫০,০০,০০০ | ৮৩,৩২,৭৬৮ | ২,৬৬,৬৭,২৩২ | ২৩.৮১% |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০২ | বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন | ৩,৬৬,৫৪০ | ৩,৬৫,৬২৫ | ৯১৫ | ৯৯.৭৫% |
| ০৩ | স্থানীয় সরকার বিভাগ | ১,০২,৫৯,৭৬০ | ৬৪,৬৩,৩৭০ | ৩৭,৯৬,৩৯০ | ৬৩.০০% |
| ০৪ | কৃষি মন্ত্রণালয় | ২৫,০০,০০০ | ১০,৩৩,১৭৪ | ১৪,৬৬,৮২৬ | ৪১.৩৩% |
| ০৫ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | ১২,৩১,২৯০ | ১,৯৭,৯০৬ | ১০,৩৩,৩৮৪ | ১৬.০৭% |
| ০৬ | গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় | ১১,৮১,৪২০ | ২৩,৯৫৫ | ১১,৫৭,৪৬৫ | ২.০৩% |
| ০৭ | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | ৪,০০,০০০ | ২,৬২,৯১৯ | ১,৩৭,০৮১ | ৬৫.৭৩% |
| ০৮ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ৩,০০,০০০ | ১,৯৪,১০৯ | ১,০৫,৮৯১ | ৬৪.৭০% |
| ০৯ | রেলপথ মন্ত্রণালয় | ১,৬০,০০০ | ৩,৭৬৬ | ১,৫৬,২৩৪ | ২.৩৫% |
| ১০ | পানি সম্পদ মন্ত্রণালয় | ৬১,০০০ | ১৩,৬১০ | ৪৭,৩৯০ | ২২.৩১% |
| ১১ | সেতু বিভাগ | ২৮,৯২০ | ৩,৫৭৩ | ২৫,৩৪৭ | ১২.৩৫% |
| | মোট | ৫,১৪,৮৮,৯৩০ (পাঁচ কোটি চৌদ্দ লক্ষ আটাশি হাজার নয়শত ত্রিশ) টি চারা | ১,৬৮,৯৪,৭৭৫ (এক কোটি আটষট্টি লক্ষ চুরানব্বই হাজার সাতশত পঁচাত্তর) টি চারা | ৩,৪৫,৯৪,১১৫ (তিন কোটি পয়তাল্লিশ লক্ষ চুরানব্বই হাজার এক শত পনের) | ৩২.৮১% |

০৩। অধ্যাপক ড. মোঃ নূরুল ইসলাম, ভাইস চ্যান্সেলর, ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি বলেন, কোথায় চারা রোপণ করা হচ্ছে, ওভারল্যাপিং হচ্ছে কিনা, রক্ষণাবেক্ষণ যথাযথ হচ্ছে কিনা ইত্যাদি বিষয় সুষ্ঠুভাবে মনিটরিং এর জন্য ড্যাশবোর্ড বা ডিজিটাল মনিটরিং সিস্টেমের বিকল্প নেই। সকল মন্ত্রণালয় হতে মাঠপর্যায়ে বৃক্ষরোপণের স্থানিক তথ্য সংগ্রহ করা প্রয়োজন। এছাড়া, দপ্তরসমূহের মধ্যে বৃক্ষরোপণের একটি সুস্থ প্রতিযোগিতা সৃষ্টির লক্ষ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী সময়ভিত্তিক অর্জনের আলোকে একটি র‍্যাংকিং বা ইন্ডেক্সিং করা যেতে পারে।

০৪। অতিরিক্তি সচিব (প্রশাসন) ও টাস্কফোর্সের সদস্য সচিব বলেন, '৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ' 'সেল'-এর প্রথম সভায় বিনামূল্যে ট্রি মনিটরিং অ্যাপ প্রাপ্তির বিষয়ে আলোচনা হয়। ট্রি মনিটরিং অ্যাপ তৈরির বিষয়টি সরকারের নির্বাচনী ইশেতেহারে উল্লেখ রয়েছে এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৮০ দিনের কর্মপরিকল্পনায় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অগ্রাধিকার তালিকায় অন্তর্ভুক্ত আছে। লক্ষ্যমাত্রা অর্জনে আগামী ১৬ আগস্ট এর মধ্যেই ট্রি মনিটরিং অ্যাপ তৈরির বিষয়ে কার্যকর উদ্যোগ নিতে হবে। জনাব মোঃ জামাইল বশীর জেবি, টেকনিক্যাল এক্সপার্ট বলেন, এ বিষয়ে বেশ কিছু আগ্রহী প্রতিষ্ঠানের তথ্য পাওয়া গিয়েছে। টাস্কফোর্সের আগামী সভায় এ সংক্রান্ত একটি প্রেজেন্টেশন প্রদান করা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

০৫। ড. মোঃ সাইমুম পারভেজ, মাননীয় প্রধানমন্ত্রীর পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক বিশেষ সহকারী (সচিব পদমর্যাদা) ও টেকনিক্যাল এক্সপার্ট বলেন, সঠিক সময়ে লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে সরকারি সকল দপ্তর কর্তৃক উপজেলা/ইউনিয়ন ভিত্তিক প্রান্তিক পর্যায়ের বৃক্ষরোপণের তথ্য সংগ্রহ করে ন্যাশনাল রেজিস্টার তৈরি করতে হবে এবং ড্যাশবোর্ডের মাধ্যমে মনিটরিং করতে হবে। সকল পর্যায়ে বৃক্ষরোপণের সংস্কৃতি গড়ে তোলার বিষয়টিকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করতে হবে।

০৬। সভায় বৃক্ষরোপণে বেসরকারি প্রতিষ্ঠানের সেচ্ছাসেবীদের আবেদনসমূহ পর্যালোচনার বিষয়ে তথ্যাদি উপস্থাপন করা হয়। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের বৃক্ষরোপণ সেলের উপসচিব বলেন, অদ্যাবধি ৫০০ টি আবেদন ডাটাবেজভুক্ত করা হয়েছে এবং আরও কিছু আবেদন পর্যালোচনাধীন রয়েছে। আবেদনসমূহ ব্যক্তি/প্রতিষ্ঠানের তথ্যাদি, অভিজ্ঞতা, কর্মপরিকল্পনা, প্রস্তাবিত এলাকা, চারার সংখ্যা, গাছের ধরণ, বাজেট, অর্থের উৎস ইত্যাদি তথ্যের আলোকে ক্রমানুসারে লিপিবদ্ধ করা হয়েছে। তবে সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে বৃক্ষরোপণে সম্পৃক্ত হবার বিষয়ে কোনো আবেদন পাওয়া যায়নি। সকলেই সরকারি অর্থে বৃক্ষরোপণ কর্মসূচিতে সম্পৃক্ত হবার আগ্রহ প্রকাশ করেছেন।

০৭। সভাপতি বলেন, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় এবং রেলপথ মন্ত্রণালয় এর লক্ষ্যমাত্রা অনুযায়ী বৃক্ষরোপণ কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক নয়। সমতলে বৃক্ষরোপণের কাজটি বর্ষাকাল তথা আগস্টের মাঝেই সম্পন্ন করতে হবে। এ লক্ষ্যে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সম্পৃক্ততা বাড়াতে হবে এবং মাঠপর্যায়ের কমিটিগুলোকে সক্রিয় করতে হবে। নদী, খাল কিংবা রেলপথের দুপাশে বৃক্ষরোপণের অনেক সুযোগ রয়েছে। এলক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোর সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করা প্রয়োজন। সবুজ কর্মসংস্থান তৈরি এবং উদ্যোক্তা তৈরির লক্ষ্যেও মন্ত্রণালয়গুলো নিজস্ব পরিকল্পনা গ্রহণ করতে পারে। সরকারি নিয়মে আউটসোর্সিং এর মাধ্যমে কর্মী নিয়োগ দিয়েও বৃক্ষরোপণ কাজে সম্পৃক্ত করা যায়। এছাড়া, জ্যৈষ্ঠ-আষাঢ় মাসে ফলের সিজনে প্রান্তিক পর্যায়ের নাগরিক/পরিবারের নিকট থেকে মাঠপর্যায়ের সরকারি দপ্তরের কর্মীগণ ফলজ গাছের চারা সংগ্রহের উদ্যোগ নিলে বিপুল পরিমাণ চারার সংস্থান হতে পারে যার ফলে বৃক্ষরোপণে নাগরিক সম্পৃক্ততাও অনেক বৃদ্ধি পাবে। পানি সম্পদ মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় ও সেতু বিভাগের ফোকাল পয়েন্ট এবং বন্যপ্রাণী গবেষক, আলোকচিত্রী এবং সরীসৃপ বিশেষজ্ঞ জনাব আদনান আজাদ কে টাস্কফোর্স এর সদস্য হিসেবে কো-অপ্ট করা যেতে পারে মর্মে তিনি অভিমত ব্যক্ত করলে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।

০৮। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১। সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহ ২০২৬ সালের ১৫ জুলাই পর্যন্ত বৃক্ষরোপণের তথ্য সংগ্রহ করে সফটকপিসহ আগামী ২০ জুলাই ২০২৬ তারিখের মধ্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

২। বৃক্ষরোপণের সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহ কর্তৃক বৃক্ষরোপণ পরবর্তী সুনির্দিষ্ট রক্ষণাবেক্ষণ ও পরিচর্যা পরিকল্পনা দ্রুততম সময়ের মধ্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;

৩। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং রেলপথ মন্ত্রণালয় এর লক্ষ্যমাত্রা অনুযায়ী বৃক্ষরোপণ কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক না হওয়ায় এ বিষয়ে দ্রুততার সাথে কর্মপরিকল্পনা গ্রহণ করে অগ্রগতির তথ্য পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;

৪। নদী, খাল, বেড়িবাঁধ এবং রেলপথের দুপাশে বৃক্ষরোপণের কোনো পরিকল্পনা আছে কিনা সে বিষয়ে যথাক্রমে পানি সম্পদ মন্ত্রণালয় ও রেলপথ মন্ত্রণালয়-কে আগামী ৩ কার্যদিবসের মধ্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে প্রযোজ্য তথ্য প্রেরণ নিশ্চিত করতে হবে;

৫। প্রস্তাবিত ন্যাশনাল ট্রি মনিটরিং অ্যাপ বা ড্যাশবোর্ডে প্রতিটি বৃক্ষের স্থানিক তথ্যাদি সংগ্রহ করে অন্তর্ভুক্ত করা হবে বিধায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/দপ্তর/সংস্থাসমূহকে তদানুযায়ী কর্মপন্থা নির্ধারণ করে বৃক্ষরোপণের তথ্য সংগ্রহের জন্য নির্দেশনা প্রদান করতে হবে। এ বিষয়ে অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে;

৬। নিজস্ব অর্থ ও স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে বৃক্ষরোপণে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের তথ্য না পাওয়ায় বেসরকারি আবেদনসমূহ ডাটাবেজে অন্তর্ভুক্ত করে কার্যালয়ে সংরক্ষণ করতে হবে এবং প্রাপ্ত তথ্য 'সেল'-এর আগামী সভায় উপস্থাপন করতে হবে;

৭। 'টাস্কফোর্স' এবং 'সেল'-এর পরবর্তী সভায় মন্ত্রণালয়/দপ্তর/সংস্থাসমূহের বৃক্ষরোপণ কার্যক্রমের লক্ষ্যমাত্রা অনুযায়ী অগ্রগতি পর্যালোচনা করে একটি র‍্যাংকিং বা তুলনামূলক চিত্র (চার্টসহ) উপস্থাপন করতে হবে;

৮। সরকারের নির্বাচনী ইশতেহার এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৮০ দিনের কর্মপরিকল্পনায় বৃক্ষরোপণে 'ট্রি মনিটরিং অ্যাপ' তৈরির বিষয়টি অন্তর্ভুক্ত থাকায় যথাসময়ে টাস্কফোর্সের এ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে;

৯। সবুজ কর্মসংস্থান তৈরি এবং উদ্যোক্তা তৈরির লক্ষ্যে বৃক্ষরোপণের সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোর নিজস্ব পরিকল্পনা গ্রহণ করতে হবে। আউটসোর্সিং এর মাধ্যমে কর্মী নিয়োগ দিয়ে বৃক্ষরোপণ কাজে সম্পৃক্ত করা, প্রান্তিক পর্যায়ের নাগরিক/পরিবারের নিকট থেকে তার সংশ্লিষ্ট এলাকার প্রতিবেশ উপযোগী ফলজ/বনজ গাছের চারা সংগ্রহ করা, বিভিন্ন উন্নয়ন প্রকল্পের প্রশিক্ষণ ও কর্মশালায় বৃক্ষরোপণ ও পরিচর্যার বিষয় অন্তর্ভুক্ত করা এবং বৃক্ষরোপণে নাগরিক সম্পৃক্ততা বৃদ্ধি করার বিষয়ে কার্যকর উদ্যোগ নিতে হবে এবং

১০। পানি সম্পদ মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় ও সেতু বিভাগের ফোকাল পয়েন্ট এবং বন্যপ্রাণী গবেষক, আলোকচিত্রী এবং সরীসৃপ বিশেষজ্ঞ জনাব আদনান আজাদ কে টাস্কফোর্স এর সদস্য হিসেবে কো-অপ্ট করার বিষয়ে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

০৭। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/৭/২৬

শেখ ফরিদুল ইসলাম
প্রতিমন্ত্রী
ও
আহ্বায়ক
'০৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ' কর্মসূচি
বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'সেল'-এর
সহায়ক 'টাস্কফোর্স'

নং: ২২.০০.০০০০.০৬৬.৩১.০০৪.২৬.২৭৩ তারিখ ০৫ শ্রাবণ ১৪৩৩ / ২০ জুলাই ২০২৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। ড. মোঃ সাইমুম পারভেজ, মাননীয় প্রধানমন্ত্রীর পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক বিশেষ সহকারী (সচিব পদমর্যাদা) ও টেকনিক্যাল এক্সপার্ট

২। অধ্যাপক ড. মোঃ নূরুল ইসলাম, ভাইস চ্যান্সেলর, ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
৪। জনাব মোঃ জামাইল বশীর জেবি, টেকনিক্যাল এক্সপার্ট
৫। যুগ্মসচিব (বন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
৬ মোঃ রকিবুল হাসান মুকুল, উপপ্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর

**সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়
২। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৩। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৪। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
৫। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৬। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
৭। সচিব, স্থানীয় সরকার বিভাগ
৮। সচিব, কৃষি মন্ত্রণালয়
৯। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
১০। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
১১। প্রধান বন সংরক্ষক (ভারপ্রাপ্ত), বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
১২। মন্ত্রীর একান্ত সচিব, মাননীয় মন্ত্রীর দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
১৩। মাননীয় প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা এবং উপদেষ্টা, কৃষি মন্ত্রণালয়-এর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
১৪। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
১৫। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

20/09/25

মুহাম্মদ মনসুর উদ্দিন
উপসচিব